



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯
ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

০১ জানুয়ারী ২০২৪

বাউবি ও নেতাজি সুভাস মুক্ত বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা চুক্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং কলকাতার নেতাজি সুভাস মুক্ত বিশ্ববিদ্যালয়ের মধ্যে গত ২৩ ডিসেম্বর ২০২৩ সমঝোতা চুক্তিপত্র হস্তান্তর করা হয়। কলকাতায় অনুষ্ঠিত চুক্তিপত্র হস্তান্তর অনুষ্ঠানে বাউবির পক্ষে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও নেতাজি সুভাস বসু মুক্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষে ড. মনন কুমার মণ্ডল প্রতিনিধিত্ব করেন। চুক্তিতে থাকা শিক্ষা সংক্রান্ত সহযোগিতা, গবেষণা, সংস্কৃতি, শিক্ষার্থীদের উদ্ভাবনী ও বাস্তবমুখী কর্মকান্ডের মানোন্নয়ন, সেমিনার, কর্মশালা ইত্যাদি বিষয় নিয়ে বিস্তৃত আকারে কাজ করবে এই দুটি বিশ্ববিদ্যালয়।



অধ্যাপক ড. মাহবুবা নাসরীন নেতাজি সুভাস বসু মুক্ত বিশ্ববিদ্যালয়ে Twenty Fourth Lecture (XXIV) of Partition Lecture series সেমিনারে Gender and intersectionality: Bangladesh's journey since independence প্রবন্ধ উপস্থাপন করেন। এর আগে, অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ২২ ডিসেম্বর ২০২৩ কলকাতার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত 'River Pollution & Remedial Strategies' এ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)